মানিকগঞ্জে বিএনপির আহ্বায়ক কমিটি ঘোষণা করায় শ্রমিক দলের মিষ্টি বিতরণ

মানিকগঞ্জ – মানিকগঞ্জ জেলা বিএনপির নতুন কমিটিতে আফরোজা খান রিতাকে আহ্বায়ক করায় শ্রমিক দলের নেতাকর্মীরা আনন্দ মিছিল ও মিষ্টি বিতরণ করেছেন।

সোমবার (৩ ফেব্রুয়ারি) দুপুর ৩টার দিকে জেলার ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল গেটের সামনে থেকে আনন্দ মিছিল নিয়ে বাসস্ট্যান্ড এলাকায় এসে পথ সভা অনুষ্ঠিত হয়। পরে আফরোজা খান রিতার জন্য দোয়া করে মিষ্টি বিতরণ করেন তারা।

এসময় উপস্থি ছিলেন, জেলা শ্রমিক দলের সভাপতি মোঃ আব্দুল কাদের, জেলা বাস মালিক সমিতির সভাপতি ও শ্রমিক দলের সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাক (লিটন), বাস মালিক সমিতির সাধারণ সম্পদাক ও শ্রমিক দলের সিনিয়র সহ-সভাপতি পীর বাবুল হোসেন, সাংগঠনিক সম্পাদক আব্দুল মালেক, সদর উপেজেলার শ্রমিক দলের সভাপতি মোঃ জিয়াউর রহমান, সাধারণ সম্পাদক মোঃ শাহিন, সাটুরিয়া উপজেলার সাধারণ সম্পাদক মোঃ আবুল বাশারসহ শ্রমিক দলের কয়েক শতাধীক নেতাকর্মীরা।

পথ সভায় বক্তারা বলেন, শেখ হাসিনার শসনামলে আমরা ঘরে থাকতে পারি নাই। মিথ্যা মামলা দিয়ে আমাদের হয়রানি করেছে। সেই দঃসময় আমাদের পাশে আফরোজা খান রিতা ছাড়া কেউ দাড়ায়নি। তিনি আমদের পরিবারে সদস্যদের খোঁজ খবর নিতেন। তিনি আমাদের সাহায্য ও সাহস যুগিয়ে দলের নেতাকর্মীদের একত্রিত রেখেছেন। তার অবদান ভুলার নয়